মডেল টেস্ট-০৩

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০

১. ছেলেবেলা থেকেই কুমার সিদ্ধার্থের মধ্যে চপলতা ছিল না। নিরীহ প্রাণীর প্রতি সে কী পোষণ করত?
ক. সুখ খ. দুঃখ
গ. করুণা ঘ. আনন্দ

২. সিদ্ধার্থ ছন্দককে সংগে নিয়ে নগর ভ্রমণ করেন। তিনি কয়দিন নগর ভ্রমণে গিয়েছিলেন?
ক. ছয় দিন খ. পাঁচ দিন
গ. চার দিন ঘ. তিন দিন

৩. কোনটির মাধ্যমে নির্বাণ লাভ করতে পারবে?
ক. ভোগবিলাসের মাধ্যমে
খ. জীবের প্রতি দয়া দেখিয়ে
গ. সকল প্রকার তৃষ্ণা জয় করে
ঘ. কঠোর তপস্যার মাধ্যমে

৪. একজন বৌদ্ধ হিসেবে তোমার জীবনের লক্ষ্য কী?
ক. প্রচুর টাকা উপার্জন করা
খ. জীবনে উন্নতি করা
গ. সমস্ত দুঃখ হতে মুক্ত হওয়া
ঘ. উপবাস থাকা

৫. জীবনে উন্নতি করার জন্য তুমি কী করবে?
ক. ছোটদের স্নেহ করবো
খ. বাবা-মাকে সম্মান করবো
গ. সত্যধর্ম অনুশীলন করবো
ঘ. অপরের উপকার করবো

৬. বিদ্যালয়ে শিক্ষক তোমাকে একটি কাজ করতে বললেন। তুমি কাজটি কীভাবে করবে?
ক. অন্যকে দিয়ে করাবো
খ. যথাসময়ে সম্পাদন করবো
গ. অনিচ্ছকৃতভাবে
ঘ. সহপাঠীর সাথে আলোচনা করবো

৭. মাতাপিতাকে কেন আমাদের পরমগুরু বলা হয়?
ক. তারা আমাদের ভালোবাসেন
খ. তাদের মাধ্যমে আমরা পৃথিবীতে এসেছি
গ. তারা আমাদের লালন-পালন করেন
ঘ. সকল চাহিদা পূরণ করেন

৮. আমরা সর্বদাই সবার সাথে ভালো ব্যবহার করবো কেন?
ক. বুদ্ধকে সম্মান করার জন্য
খ. বুদ্ধের গুণাবলি অনুসরণ করার জন্য
গ. যথাসময়ে প্রাত্যহিক কার্য সম্পাদন করার জন্য
ঘ. অন্যকে ভালো ব্যবহার করতে বললে

৯. সকলের সাথে কাজ করলে তোমার যা হবে—
ক. প্রত্যেককে ভালোবাসবে এবং শ্রদ্ধা করবে
খ. অন্যের সাথে আনন্দে বাস করবে
গ. বিশৃঙ্খলা থাকবে না
ঘ. প্রত্যেকের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হবে

১০. দানের মাধ্যমে তুমি কী অর্জন করতে পারবে?
ক. ধন-দৌলত খ. প্রচুর সম্পদ
গ. প্রকৃত সুখ ঘ. প্রকৃত সম্মান

১১. কোন উদ্দেশ্যে তুমি পূজা কর?
ক. বৌদ্ধ ধর্মের উন্নতি সাধন করতে
খ. মন থেকে লোভ, ঈর্ষা দূর করতে
গ. ভগবান বুদ্ধকে তুষ্ট করতে
ঘ. অপরের মঙ্গল কামনা করতে

১২. মনের অজ্ঞতা দূর করার জন্য তুমি কী করবে?
ক. প্রদীপ পূজা খ. ধূপ পূজা
গ. পুষ্প পূজা ঘ. পানীয় পূজা

১৩. অনিত্য ভাবনা দ্বারা লোভ-দ্বেষ ও মোহ দূর হয়। আর অজ্ঞানতা দূর হয় কিসের দ্বারা?
ক. ঔষধ খ. জ্ঞানালোক
গ. ত্রিরত্ন ঘ. প্রদীপ

১৪. তুমি দশশীল গ্রহণ করতে চাও। দশশীল গ্রহণ করার সময় তুমি কীভাবে বসবে?
ক. এলোমেলোভাবে হাত জোড় করে
খ. আসন করে হাত জোড় করে
গ. নতজানু হয়ে হাত জোড় করে
ঘ. পা ছড়িয়ে হাত জোড় করে

১৫. চরিত্র শুদ্ধ রাখার জন্য তুমি কী পালন করবে?
ক. প্রার্থনা খ. উপোসথ
গ. গৃহী ঘ. শীল

১৬. তোমার ছোট ভাই মৃত্যুর পর স্বর্গ পেতে চায়। তুমি তাকে কোন পরামর্শ দেবে?
ক. বুদ্ধকে অনুসরণ করতে বলবো
খ. শীল পালন করতে বলবো
গ. বিহারে যেতে বলবো
ঘ. পূজা করতে বলবো

১৭. তোমার মতে নিচের কোন ব্যক্তিটি অধিকতর মূল্যবান?
ক. বিত্তবান খ. জ্ঞানবান
গ. রূপবান ঘ. শীলবান

১৮. যারা পঞ্চশীল ও অষ্টশীল পালন করে তাদেরকে আমরা কী বলি?
ক. শ্রীমণ্যশীল খ. দানশীল
গ. উপাসক ঘ. ভিক্ষু

১৯. তুমি ত্রিপিটকের এমন একটি গ্রন্থ সম্পর্কে জেনেছ যা ত্রিপিটকের হৃৎপিণ্ড হিসেবে পরিচিত। তুমি কোন গ্রন্থ সম্পর্কে জেনেছ?
ক. অভিধর্ম পিটক খ. সূত্র পিটক
গ. বিনয় পিটক ঘ. সংযুক্ত নিকায়

Teachingbd.com

২০. সপ্ত প্রকরণ-এর ক্ষেত্রে নিচের কোন উক্তিটি সঠিক বলে তুমি মনে কর?
ক. ভিক্ষুদের অবশ্য পালনীয় নিয়মনীতি
খ. এর দ্বারা আমাদের জীবন পরিচালিত হয়
গ. যুক্তিতর্কের মাধ্যমে মিথ্যা দৃষ্টি খণ্ডন
ঘ. কীভাবে একে অপরকে দেখাশুনা করা যায়

২১. নিচের কোনগুলো দুষ্কর্ম বলে তুমি মনে কর?
ক. জরা, ব্যাধি খ. প্রার্থনা, কথা বলা
গ. ঈর্ষা, লোভ
ঘ. ভালোবাসা, শ্রদ্ধা করা

২২. খারাপ কাজ পাপ উৎপন্ন করে। আর পাপীরা কীসে পতিত হয়?
ক. আনন্দে খ. সুখে
গ. দুঃখে ঘ. কল্পনায়

২৩. বৌদ্ধের একজন অনুসারী হিসেবে কর্মবাদ জানার জন্য তুমি কী করবে?
ক. বুদ্ধ সম্পর্কে জানব
খ. বুদ্ধের উপদেশসমূহ জানব
গ. বৌদ্ধ ধর্মের মূলবিষয় জানতে চেষ্টা করব
ঘ. বুদ্ধের কুশলকর্মগুলো সম্পর্কে জানব

২৪. চেতনা, কায়, বাক্য ও মনোদ্বারে সংঘটিত হয়। বুদ্ধ চেতনাকে কী বলেছেন?
ক. ঘুম খ. কর্ম
গ. লিপা ঘ. অহংমিকা

২৫. কেন তুমি রাজবৈদ্য 'জীবক' এর জীবনী অনুসরণ করতে চেষ্টা করছ?
ক. চেষ্টা করলে জীবনে প্রতিষ্ঠিত হওয়া যায়
খ. ইচ্ছে করলে অনেক টাকা উপার্জন সম্ভব
গ. পরিবেশের সমস্ত গাছপালা উপকারী জেনে
ঘ. জীবনে আয়ুর্বেদ শাস্ত্র জানা থাকা খুব দরকার

২৬. ভিক্ষু হতে গেলে তোমাকে কোনটি গ্রহণ করতে হবে?
ক. প্রব্রজ্যা খ. দায়ক
গ. মৈত্রীপূর্ণ বাক্য ঘ. বিনয়

২৭. ত্রিপিটকের অন্তর্গত সুত্ত পিটকের খুদ্দক নিকায়ের একাদশতম গ্রন্থ জাতক। এটি কোন ভাষায় রচিত?
ক. সংস্কৃত খ. পালি
গ. বাংলা ঘ. উর্দুতে

২৮. জাতকের ঘটনাগুলো বোধিসত্ত্ব জীবনের সময়কালের। জাতকের উপদেশ কী সৃষ্টি করে?
ক. মৈত্রী খ. ঘৃণা
গ. বিদ্বেষ ঘ. হিংসা

২৯. ২৬ জানুয়ারি তোমার বোনের জন্মদিন। সে মনে করে জন্মদিনে উদ্‌যাপনের জন্য দিনটি শুভ নয়। তুমি কী করবে?
ক. কিছুই করবে না
খ. বাজারে চলে যাবে
গ. অনুষ্ঠান উদ্‌যাপন করবে
ঘ. বন্ধুদের সাথে দেখা করবে

৩০. ঐতিহাসিক স্থানগুলো যত্নের সাথে সংরক্ষণ করা গুরুত্বপূর্ণ, কারণ ইহা—
ক. পর্যটনের জন্য গুরুত্বপূর্ণ
খ. পূর্ব পুরুষদের প্রতি সম্মান প্রদর্শন করায়
গ. আমাদের ইতিহাস ও সংস্কৃতি বুঝতে সাহায্য করে
ঘ. আমাদের ধর্মীয় বিশ্বাসকে অক্ষুণ্ণ রাখতে সাহায্য করে

৩১. ঐতিহ্য বলতে তুমি কী বুঝ?
ক. প্রাত্যহিক নিয়ম-কানুন অনুসরণ
খ. পারিবারিক প্রথা ও বিশ্বাস অনুসরণ
গ. আমাদের প্রিয় কাজের অনুসরণ
ঘ. সরকারি নিয়ম নীতি অনুসরণ

৩২. বৌদ্ধধর্ম মতে, তীর্থ ভ্রমণ একটি পুণ্যকর্ম। এতে কী লাভ হয়?
ক. দুঃখ খণ্ডন খ. পাপ
গ. নরক ঘ. কষ্ট

৩৩. ইমং ভিক্খং সপরিকখারং ভিকখু সংঘস্‌স দেমা পূজেমা — তুমি মন্ত্রটি কখন পাঠ করবে?
ক. প্রবারণায় খ. সংঘদান উৎসবে
গ. অষ্টপরিষ্কার দান উৎসবে
ঘ. কঠিন চীবর দান উৎসবে

৩৪. আজ ভিক্ষুদের ত্রৈমাসিক বর্ষাবাসের পরিসমাপ্তি এবং উক্ত অনুষ্ঠানে তুমি সন্ধ্যায় প্রদীপ জ্বালিয়ে ফানুস উড়াবে। আজ কোন পূর্ণিমা?
ক. আষাঢ়ী পূর্ণিমা খ. প্রবারণা পূর্ণিমা
গ. মধু পূর্ণিমা ঘ. বুদ্ধ পূর্ণিমা

৩৫. প্রবারণার দিন বিহারে ও গৃহে অনেক আনন্দ উৎসব চলে। প্রবারণার দিনে সন্ধ্যায় কী করা হয়?
ক. সাজানো হয় খ. পতাকা উত্তোলন হয়
গ. সংঘদান হয় ঘ. প্রদীপ জ্বালানো হয়

৩৬. জননী ও জন্মভূমিকে আমরা সবাই ভালোবাসি। এর সাথে মানুষের সম্পর্ক কেমন?
ক. পৃথক খ. অবিচ্ছেদ্য
গ. গভীর ঘ. হালকা

৩৭. তুমি কীভাবে দেশের প্রতি ভালবাসা প্রকাশ করবে?
ক. নিজের উন্নতির জন্য কাজ করে
খ. পরীক্ষায় ভাল ফলাফল করে
গ. দেশের কল্যাণের জন্য কাজ করে
ঘ. খারাপ কাজ থেকে বিরত থেকে

৩৮. আত্মমর্যাদা হলো—
ক. জ্ঞান মর্যাদা খ. নিজের কাজে গর্ববোধ
গ. স্বীয় মর্যাদা ঘ. ধর্মীয় মর্যাদা

৩৯. তুমি পালি অক্ষর সম্পর্কে জানো এবং সুন্দর করে পড়তে পার। এ ভাষায় স্বরবর্ণ কয়টি?
ক. ৮টি খ. ৯টি
গ. ১০টি ঘ. ১১টি

৪০. রিয়া পালি স্বরবর্ণ শিখেছে। তার শেখা বর্ণের মধ্যে নিচের কোনটি আছে?
ক. এ খ. ঐ
গ. ঔ ঘ. ঋ

৪১. বুদ্ধ হলেন—
ক. আলোর প্রদীপ খ. ধ্যানের প্রদীপ
গ. বিত্তের প্রদীপ ঘ. চিত্তের প্রদীপ

Teachingbd.com

৪২. গৃহী বা উপাসক-উপাসিকারা নিত্য কোন শীল পালন করে থাকে?
ক. দশশীল খ. পঞ্চশীল
গ. প্রাতিমোক্ষ শীল ঘ. ধুতাঙ্গ শীল

৪৩. গৌতম বুদ্ধ কোন ধর্ম প্রচার করেন?
ক. হিন্দুধর্ম খ. বৌদ্ধধর্ম
গ. জৈনধর্ম ঘ. খ্রিস্টধর্ম

৪৪. বৌদ্ধধর্মের মূল ভিত্তি কী?
ক. দৃষ্টিবাদ খ. আত্মবাদ
গ. কর্মবাদ ঘ. ক্ষান্তিবাদ

৪৫. বুদ্ধের প্রধান সেবক কে ছিলেন?
ক. মহাকাশ্যপ খ. আনন্দ
গ. উপালি ঘ. যশ

৪৬. জাতকের মূল শিক্ষা কী?
ক. বিনয়সম্মত জীবন গঠন
খ. পরিপূর্ণ জীবন গঠন
গ. অর্থনৈতিক জীবন গঠন
ঘ. মহৎ ও আদর্শ জীবন গঠন

৪৭. কারা বৌদ্ধধর্ম ও সংস্কৃতি বিকাশ সাধন করেছিলেন?
ক. পালরাজারা খ. ক্ষত্রিয়রাজারা
গ. সেনরাজারা ঘ. বজ্জিরাজারা

৪৮. কোন অনুষ্ঠানের মাধ্যমে পুণ্য অর্জন হয়?
ক. ধর্মীয় উৎসব খ. সামাজিক উৎসব
গ. পূজার উৎসব ঘ. বিবাহ উৎসব

৪৯. মানব সমাজে কী থাকবে?
ক. ঐক্য-সংহতি
খ. ঝগড়া-বিবাদ
গ. পারস্পরিক অসহযোগিতা
ঘ. অসহনশীলতা

৫০. ভারতীয় আর্য ভাষার কয়টি স্তর আছে?
ক. দুটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :
(১৫টি প্রশ্ন থাকবে প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক।) ১×১৫ = ১৫

ক. বোধিজ্ঞান অনুযায়ী তোমার জন্মের কারণ কোনটি?
খ. তোমার জানা মতে, সমাজজীবনে কোন নীতি প্রচলিত আছে?
গ. তোমার মধ্যে কীভাবে দান চেতনা উৎপন্ন হবে?
ঘ. পঞ্চশীল পালনে তুমি কী করবে?
ঙ. তৃতীয় সংগীতিতে একটি পিটকের পূর্ণ প্রকাশ ঘটে। এটি কোন পিটক?
চ. জীবনের অপূর্ণতা ও দুর্ভাগ্যের জন্যে তুমি কাকে দোষ দেবে?
ছ. তুমি অর্হত্বফল লাভ করতে চাও। কীভাবে লাভ করবে?
জ. প্রাচীনকালের ঈশপের গল্প ও ডেকামেরনে তুমি কীসের প্রভাব লক্ষ করেছ?
ঝ. তীর্থ ভ্রমণ বা ঐতিহাসিক স্থান দর্শন করে তুমি কী লাভ করবে?
ঞ. ধর্মীয় উৎসব ও অনুষ্ঠান পালন করলে তুমি কী লাভ করবে?
ট. সমাজে পিতামাতা প্রশংসিত হন কেন?
ঠ. পালিতে স্বরবর্ণ কয়টি?
ড. দান শব্দের অর্থ কী?
ঢ. কী কর্মের দ্বারা মন হতে পাপ দূরীভূত হয়?
ণ. গৌতম বুদ্ধ কত বছর ধর্ম প্রচার করেন?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও : ৫×৭ = ৩৫

ক. একটি শিশু ভূমিষ্ঠ হয়েই সাত পা হেঁটে সামনে গেলেন। শিশুটি কে? সাত পায়ের নিচে কী ফুটল? শিশুটির ৩টি গুণ লেখ। ১+১+৩=৫

খ. বয়োজ্যেষ্ঠ কারা? বয়োজ্যেষ্ঠদের অভিবাদন কেন করবে? দুটি বাক্যে লেখ। সম্মান পেতে হলে সমাজের জন্য তুমি কী করবে? দুটি বাক্যে লেখ।

গ. তুমি কোন কর্ম দিয়ে মনকে পবিত্র ও সংযত করতে পারবে? কারা নিয়মিত এ কর্মগুলো করে থাকে? এর মধ্যে প্রথম কর্মটির তিনটি উপকারিতা লেখ। ১+১+৩=৫

ঘ. দশশীল বলতে কী বোঝায়? কোন ব্যক্তি শ্রেষ্ঠ? একজন শীলবান ব্যক্তি হিসেবে তুমি কী করবে? তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

ঙ. ভারতীয় শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রাচীন ও সুপ্রসিদ্ধ একটি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। প্রতিষ্ঠানটির নাম কী? উক্ত প্রতিষ্ঠানটি কোথায় অবস্থিত? এর সাথে সম্পর্ক যুক্ত তিনজন প্রসিদ্ধ ব্যক্তিত্বের নাম লেখ। ১+১+৩=৫

চ. একটি ধর্মীয় সম্প্রদায় প্রব্রজ্যা, প্রবারণাসহ বিভিন্ন রকমের উৎসব ও অনুষ্ঠান পালন করে। কারা বিভিন্ন রকমের ধর্মীয় উৎসব ও অনুষ্ঠান পালন করে? উক্ত ধর্মীয় উৎসব ও অনুষ্ঠানের মাধ্যমে কী অর্জন হয়? ছয়টি ধর্মীয় অনুষ্ঠানের নাম লেখ। ১+১+৩=৫

ছ. দেশপ্রেমে এগিয়ে আসা সকল মানুষের দায়িত্ব ও কর্তব্য। স্বদেশ প্রেম কী? এ সম্পর্কে ৪টি বাক্য লেখ। ১+৪=৫

জ. ভারতীয় আর্য ভাষার কয়েকটি স্তর রয়েছে। ভারতীয় আর্য ভাষায় কয়টি স্তর রয়েছে? পালি ভাষার উৎপত্তি সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

ঝ. ত্রিপিটকের তৃতীয় ভাগ হলো অভিধর্ম পিটক। অভিধর্ম শব্দের অর্থ কী? অভিধর্ম বলতে কী বোঝ? অভিধর্মে কয়টি গ্রন্থ আছে এবং কী কী? ১+১+৩=৫

ঞ. বৌদ্ধ ধর্মের মূল ভিত্তি কী? কর্মবাদ বলতে কী বোঝ? চারটি বাক্যে লেখ। ১+১+৩=৫

teachingbd.com

উত্তরমালা

১. ১. গ. করুণা; ২. গ. চার দিন; ৩. গ. সকল প্রকার তৃষ্ণা জয় করে; ৪. গ. সমস্ত দুঃখ হতে মুক্ত হওয়া; ৫. গ. সত্যধর্ম অনুশীলন করবো; ৬. খ. যথাসময়ে সম্পাদন করবো; ৭. খ. তাদের মাধ্যমে আমরা পৃথিবীতে এসেছি; ৮. খ. বুদ্ধের গুণাবলি অনুসরণ করার জন্য; ৯. ঘ. প্রত্যেকের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হবে; ১০. গ. প্রকৃত সুখ; ১১. খ. মন থেকে লোভ, ঈর্ষা দূর করতে; ১২. ক. প্রদীপ পূজা; ১৩. খ. জ্ঞানালোক; ১৪. গ. নতজানু হয়ে হাত জোড় করে; ১৫. ঘ. শীল; ১৬. খ. শীল পালন করতে বলবো; ১৭. ঘ. শীলবান; ১৮. গ. উপাসক; ১৯. ক. অভিধর্ম পিটক; ২০. গ. যুক্তিতর্কের মাধ্যমে মিথ্যা দৃষ্টি খণ্ডন; ২১. গ. ঈর্ষা, লোভ; ২২. গ. দুঃখে; ২৩. গ. বৌদ্ধ ধর্মের মূলবিষয় জানতে চেষ্টা করব; ২৪. খ. কর্ম; ২৫. গ. পরিবেশের সমস্ত গাছপালা উপকারী জেনে; ২৬. ক. প্রব্রজ্যা; ২৭. খ. পালি; ২৮. ক. মৈত্রী; ২৯. গ. অনুষ্ঠান উদ্‌যাপন করবে; ৩০. গ. আমাদের ইতিহাস ও সংস্কৃতি বুঝতে সাহায্য করে; ৩১. খ. পারিবারিক প্রথা ও বিশ্বাস অনুসরণ; ৩২. ক. দুঃখ খণ্ডন; ৩৩. খ. সংঘদান উৎসবে; ৩৪. খ. প্রবারণা পূর্ণিমা; ৩৫. ঘ. প্রদীপ জ্বালানো হয়; ৩৬. খ. অবিচ্ছেদ্য; ৩৭. গ. দেশের কল্যাণের জন্য কাজ করে; ৩৮. গ. স্বীয় মর্যাদা; ৩৯. ক. ৮টি; ৪০. ক. এ; ৪১. ০০; ৪২. খ. পঞ্চশীল; ৪৩. খ. বৌদ্ধধর্ম; ৪৪. গ. কর্মবাদ; ৪৫. খ. আনন্দ; ৪৬. ০০; ৪৭. ক. পালরাজারা; ৪৮. ক. ধর্মীয় উৎসব; ৪৯. ক. ঐক্য-সংহতি; ৫০. ক. দুটি।

২. ক. বোধিজ্ঞান অনুযায়ী তৃষ্ণাই আমার জন্মের কারণ।

খ. আমার জানামতে সমাজজীবনে সাধারণ ও ধর্মীয় এ দুটি নীতি প্রচলিত আছে।

গ. পূজার মাধ্যমে দান চেতনা উৎপন্ন হবে।

ঘ. সংযতভাবে শীলের নিয়ম মেনে চলব।

ঙ. অভিধর্ম পিটক।

চ. জীবনের অপূর্ণতা ও দুর্ভাগ্যের জন্যে আমি নিজেকে দোষ দেবো। কেননা যার দুঃখ সে নিজেই সৃষ্টি করে।

ছ. বুদ্ধের ধর্মদেশনা শুনে।

জ. জাতকের প্রভাব।

ঝ. পুণ্য লাভ করব।

ঞ. ধর্মীয় উৎসব ও অনুষ্ঠান পালন করলে আমি পুণ্য অর্জনের মাধ্যমে সুখ লাভ করব।

ট. সন্তানের সাফল্যে সমাজে পিতামাতা প্রশংসিত হন।

ঠ. পালিতে স্বরবর্ণ আটটি। স্বরবর্ণগুলো হলো– অ, আ, ই, ঈ, উ, ঊ, এ, ও।

ড. 'দান' শব্দের অর্থ হলো ত্যাগ।

ঢ. শুভ কর্মের দ্বারা মন হতে পাপ দূরীভূত হয়।

ণ. গৌতম বুদ্ধ ৪৫ বছর ধর্মপ্রচার করেন।

Teachingbd.com